# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 18 May, 2025

লালমনিরহাটের পাটগ্রামে মাদক ব্যবসায়ীদের হামলায় বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি'র দুই জন সদস্য আহত হয়েছে।

রোববার (১৮ মে) ভোর রাতে ওই উপজেলার জগৎবেড় ইউনিয়নের নাজির গোমানী সীমান্তে এই ঘটনা ঘটে।আহত দুই বিজিবি সদস্য অনুজ কুমার ও মনিরুজ্জামান বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

বিজিবি সুত্রে জানা যায়, ওই সীমান্তে নিয়মিত টহল দেয় বিজিবি'র নাজিরগোমানী ক্যাম্পের একটি টহলদল।এ সময় কয়েকজন মাদক ব্যবসায়ী মাদক চোরাচালানের চেষ্টা করেন।এতে বাঁধা দিলে বিজিবি'র টহল দলের উপর হামলা চালায় মাদক ব্যবসায়ীরা।তাদের হামলায় দুই বিজিবি সদস্য অনুজ কুমার ও মনিরুজ্জামান আহত হয়। তারা বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

৬১ বিজিবি'র নাজির গোমানী ক্যাম্প কমান্ডার হাসিবুর রহমান এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

পাটগ্রাম থানার ওসি (তদন্ত) স্বপণ কুমার সরকার বলেন, এ ঘটনায় নাজির গোমানী ক্যাম্প কমান্ডার হাসিবুর রহমান বাদী হয়ে অজ্ঞাতনামা ৭/৮সহ ৫ জনকে আসামী করে একটি মামলা দায়ের করেছেন।

মাদক কারবারি বিজিবি হামলা আহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:27

URL: https://timestodaybd.com/public/rangpur/8169792651